



প্রকৌ: মো: সাইফুল ইসলাম  
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)  
গাইবান্ধা সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ  
গাইবান্ধা।

### সংক্ষিপ্ত পরিচিতি

জনাব প্রকৌ: মো: সাইফুল ইসলাম গত ৫ ফেব্রুয়ারী, ২০২৩খ্রি. গাইবান্ধা সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ পদে যোগদান করেন।

কর্মজীবনে জনাব প্রকৌ: মো: সাইফুল ইসলাম ১২ জুন, ২০০৪খ্রি. তারিখে কুড়িগ্রাম সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে যোগদান করে ৩ এপ্রিল, ২০১৮খ্রি. পর্যন্ত চীফ ইন্সট্রাকটর(ইলেকট্রিক্যাল) পদে সুনামের সাথে দায়িত্ব পালন করেন। তার উপস্থিতিতে এই সকল প্রতিষ্ঠানের শিক্ষার যেমন অগ্রগতি সাধিত হয়েছে, তেমনি একাডেমিক ও প্রশাসনিক কাঠামোর ব্যাপক উন্নতি সাধিত হয়েছে। বৃক্ষরোপনসহ বিভিন্ন জাতীয় দিবস উদযাপনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। তিনি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের প্রধান পরীক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন।

এছাড়া তিনি জাতীয় পাঠ্যপুস্তক শিক্ষাক্রম বোর্ড ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের কারিকুলাম প্রণয়ন কমিটির সদস্য।

জনাব প্রকৌ: মো: সাইফুল ইসলাম গত ৫ ফেব্রুয়ারী, ২০২৩খ্রি. গাইবান্ধা সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ পদে যোগদান করে অতি অল্প সময়ের মধ্যেই অসাধারণ ব্যক্তিত্ব ও কর্ম দক্ষতার মাধ্যমে ছাত্র শিক্ষক ও অভিভাবকের মনে জায়গা করে নিয়েছেন। একজন মানবিক ও শিক্ষার্থী বান্ধব অধ্যক্ষ হওয়ায় তিনি অতি দ্রুততম সময়ের ভিত্তিতে শিক্ষার্থীদের প্রিয়মুখ এবং আস্থাভাজন হয়ে উঠেছেন। তার দক্ষ পরিচালনায় গাইবান্ধা সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ দিন দিন ইন্নতির মাধ্যমে কারিগরি শিক্ষাঙ্গনের অন্যতম একটি প্রতিষ্ঠানে রূপান্তরিত হচ্ছে।

### শিক্ষা জীবন:

ছাত্রজীবনে জনাব প্রকৌ: মো: সাইফুল ইসলাম ছিলেন অত্যন্ত মেধাবী। তিনি মেধাবী ও শিক্ষানুরাগী হওয়ার দরুন তার মধ্যে উচ্চ শিক্ষার আশ্রয় ছিল বিদ্যমান। তিনি ১৯৯১ খ্রি. রাজশাহী পলিটেকনিক ইন্সটিটিউট থেকে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রিক্যাল) টেকনোলজিতে উত্তীর্ণ হন। এর পর তিনি প্রাইম ইউভার্সিটি বাংলাদেশ থেকে ২০১২খ্রি. এ বিএসসি ইঞ্জিনিয়ারিং (ইইই) ডিগ্রি অর্জন করেন।

এছাড়া তিনি অভিজ্ঞতা ও দক্ষতা বৃদ্ধি ও জন্য দেশে ও দেশের বাহিরে বিভিন্ন প্রশিক্ষণে অংশ গ্রহন করেন।